

## রাবিতে চাঁদাবাজি ও প্রেমের ঘটনা নিয়ে শিবিরের দুই গ্রুপে হাতাহাতি

রাবি সংবাদদাতা ॥ চাঁদাবাজি ও প্রেমের ঘটনাকে কেন্দ্র করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিবিরের দুই গ্রুপের মধ্যে হাতাহাতির ঘটনায় এক শিবির সমর্থক আহত হয়েছে। আহত শিবির সমর্থক জীবনের নিরাপত্তা চেয়ে নগরীর মতিহার থানায় সাধারণ ডায়েরি করেছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, তরুণের রাত সাড়ে ৯টায় আর্মীর আলী হলের শিবিরকর্মী আশরাফের নেতৃত্বে ৫/৬ জনের একটি দল লক্ষীপুর কোলা সমিতির নামে চাঁদা আদায় করতে নবাব আব্দুল লতিফ হলের ২১৮ নম্বর কক্ষে যায়। কক্ষে অবস্থানকারী শিবির সমর্থক রিয়াজ চাঁদা দিতে অস্বীকার করলে উভয়ের মধ্যে বাকবিতণ্ডা ও হাতাহাতি হয়। এক পর্যায়ে আশরাফ রিয়াজকে বেদম মারপিট করে তার ক্যাডার বাহিনী নিয়ে হল ত্যাগ করে। এ খবর লতিফ হলের শিবিরের সাধারণ সম্পাদক আসাদের নিকট পৌঁছালে তার নেতৃত্বে

১০/১৫ জনের একটি ক্যাডার বাহিনী আর্মীর আলী হলে আক্রমণ চালানোর জন্য হলের সামনের ফাঁকা মাঠে উপস্থিত হয়। এ সময় আর্মীর আলী হলের শিবিরের সভাপতি কামরুলের নেতৃত্বে ১৫/২০ জনের একটি দল উক্ত স্থানে উপস্থিত হয়। তবে উভয় গ্রুপের মধ্যে বাকবিতণ্ডা হলেও হাতাহাতি হয়নি। উক্ত পরিস্থিতিতে শিবিরের বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক রেজাউল করিমের উপস্থিতিতে রাত ১২টায় লতিফ হলে উভয় গ্রুপের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়। এদিকে রাতেই রিয়াজ তার জীবনের নিরাপত্তা চেয়ে মতিহার থানায় একটি সাধারণ ডায়েরি করেছে। সর্বশ্রেষ্ট সূত্র মতে, রিয়াজ ও আশরাফের লক্ষীপুর জেলায় বাড়ি। উভয়েই তাদের এক বাচ্চীকে পছন্দ করতে বলে জানা গেছে। এই ঘটনার জের ধরে উভয়ের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটেছে বলে হলের আবাসিক ছাত্রেরা জানিয়েছে।